



প্রকা/কেহিবি-১/পরিপত্র নং-০২/২০১৬

তারিখঃ ০৬ মার্চ ২০১৬
২৩ ফাল্গুন ১৪২২

সকল জোনাল ব্যবস্থাপক
উপ-মহাব্যবস্থাপক
স্থানীয় মুখ্য কার্যালয়, রাজশাহী/ ঢাকা কর্পোরেট শাখা, ঢাকা
সকল শাখা ব্যবস্থাপক
রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।

বিষয়ঃ মূসক ও কর সরকারী কোষাগারে নিয়মিত ও যথাযথভাবে জমাকরণ প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করা হলো। শাখাসমূহ কর্তৃক আদায়কৃত মূসক (VAT) এবং কর (TAX) সরকারী কোষাগারে বিলম্বে জমাকরণের কারণে বাণিজ্যিক নিরীক্ষাদল কর্তৃক আপত্তি উত্থাপিত হচ্ছে। সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীগণের অবসর সুবিধা হতে আপত্তিকৃত অর্থ আদায় করে নিষ্পত্তি করা হচ্ছে। বিষয়টি অনাকাঙ্ক্ষিত। এ অবস্থার প্রতিরোধকল্পে মূসক ও কর নিয়মিত সরকারী কোষাগারে জমা দেয়ার জন্য নিম্নবর্ণিত পদ্ধতি অনুসরণ করার জন্য পরামর্শ দেয়া হলোঃ

১. শাখাসমূহ ব্যাংকের সেবার মাধ্যমে প্রদেয় নির্ধারিত মূসক (VAT) আদায় করে প্রদেয় খাতে হিসাবায়ন করবে এবং মাসের শেষ কর্মদিবসে প্রতিবেদনসহ মোট টাকার ক্রেডিট অ্যাডভাইস সংশ্লিষ্ট জোনাল কার্যালয়ে বিশেষ বাহক মারফত প্রেরণ নিশ্চিত করবে।
২. শাখাসমূহ ব্যাংকের আমানতকারীর হিসাব হতে নির্ধারিত হারে কর্তৃত আয়কর (উৎসে এবং আবগারী) প্রদেয় খাতে হিসাবায়ন করবে এবং মাসের শেষ কর্মদিবসে প্রতিবেদনসহ মোট টাকার ক্রেডিট অ্যাডভাইস সংশ্লিষ্ট জোনাল কার্যালয়ে বিশেষ বাহক মারফত প্রেরণ নিশ্চিত করবে।
৩. উপরোল্লিখিত ০১ ও ০২ ক্রমিকে বর্ণিত মূসক ও আয়কর ব্যতীত স্থানীয়ভাবে বিভিন্ন বিল হতে কর্তৃত মূসক ও আয়কর নির্ধারিত চালান ফরমে সংশ্লিষ্ট বাংলাদেশ ব্যাংক/সোনালী ব্যাংকে জমা দিতে হবে।
৪. মূসক ও কর এর অ্যাডভাইস কোন ক্রমেই সরাসরি প্রধান কার্যালয়ে প্রেরণ করা যাবে না।

জোনাল কার্যালয়সমূহ জোনের সকল শাখার ক্রেডিট অ্যাডভাইস পরবর্তী মাসের ০২ তারিখের মধ্যে বিশেষ বাহক মারফত প্রধান কার্যালয়ের কেন্দ্রীয় হিসাব বিভাগ-১ এ প্রেরণ নিশ্চিত করবে। প্রধান কার্যালয় জোনসমূহ হতে প্রাপ্ত সকল অ্যাডভাইসের অর্থ সংকলন করে এবং প্রধান কার্যালয় এর আদায়কৃত মূসক ও আয়কর পরবর্তী মাসের ০৫ তারিখের মধ্যে চালানোর মাধ্যমে বাংলাদেশ ব্যাংক/সোনালী ব্যাংকে জমা নিশ্চিত করবে। উপরোল্লিখিত পর্যায় সমূহের মধ্যে দায়িত্ব অবহেলার কারণে মূসক ও আয়কর বিলম্বে জমা হওয়ার কারণে বাণিজ্যিক নিরীক্ষা আপত্তির মাধ্যমে জরিমানা নির্ধারিত হলে সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীগণকে ব্যক্তিগতভাবে দায়ী করা হবে। প্রস্তুতঃ উল্লেখ্য যে মূসক (VAT) এবং কর এর হার বছরের বিভিন্ন সময়ে পরিবর্তন হয়ে থাকে যা বিভিন্ন দৈনিক পত্রিকা/জাতীয় রাজস্ব বোর্ডের ওয়েব সাইট থেকে জানা যেতে পারে।

এতদবিষয়ে স্বাখ্যার প্রয়োজন হলে এই বিভাগের সাথে যোগাযোগ করার জন্য বলা হলো।

আপনার বিশ্বস্ত

(মোঃ ইউনুছ আলী)

উপ-মহাব্যবস্থাপক


ফোনঃ ০৭২১-৮৬২৪৬৪।

স্মারক নং- প্রকা/কেহিবি-১/৫৬(৩)/২০১৫-২০১৬/৭৯৬০(৪৮০)

তারিখঃ ০৬ মার্চ ২০১৬
২৩ ফাল্গুন ১৪২২

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলোঃ

- ০১। স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ০৪। মহাব্যবস্থাপক মহোদয়ের স্টাফ অফিসার, রাকাব, বিভাগীয় কার্যালয়, রাজশাহী/রংপুর।
- ০৫। সকল উপ-মহাব্যবস্থাপক/ সচিব/ বিভাগীয় প্রধান/ অধ্যক্ষ (প্রশিক্ষণ ইনস্টিটিউট), রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ০৬। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, রাকাব, রাজশাহী/ রংপুর।
- ০৭। প্রকল্প পরিচালক, এসইসিপি, উপশহর, রাজশাহী।
- ০৮। সকল জোনাল নিরীক্ষা কর্মকর্তা, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
- ০৯। সহকারী মহাব্যবস্থাপক, পলিসি/তহবিল ব্যবস্থাপনা, উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা, ভাউচার/বেতন শাখা, আইটি, কেন্দ্রীয় হিসাব বিভাগ- ১, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী
- ১০। অফিস নথি/ মহানথি।


০৬/০৬/২০১৬

(মোঃ মজনুর রহমান)

উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা

ফোন/ ফ্যাক্সঃ ০৭২১-৮৬২৪৫১, ৮৬২৪৫৬।